

মনজুরে মওলা ও রেজওয়ানা চৌধুরীকে বাংলা একাডেমি রবীন্দ্র পুরস্কার

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলা একাডেমি প্রবর্তিত রবীন্দ্র পুরস্কার-২০১৪ পেলে কবি মনজুরে মওলা ও শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা রবীন্দ্রসাহিত্য গবেষণা ও চর্চায় অবদানের জন্য কবি মনজুরে মওলা এবং রবীন্দ্রসংগীত প্রচার ও প্রসারে অবদানের স্বীকৃতিস্বরূপ শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যাকে এ পুরস্কার প্রদান করা হয়েছে।

গতকাল বাংলা একাডেমি আয়োজিত রবীন্দ্র জন্মবার্ষিকী

উপলক্ষে বাংলা একাডেমি আয়োজিত অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার বাবদ ক্রেস্ট ও পর্দাশ হাজার টাকা ও সনদ তুলে দেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান ও মহাপরিচালক শামসুজ্জামান খান।

পুরস্কারপ্রাপ্তির পর কবি ও রবীন্দ্রগবেষক মনজুরে মওলা তাঁর প্রতিক্রিয়ায় বলেন, বাংলা একাডেমি প্রদত্ত রবীন্দ্র পুরস্কারপ্রাপ্তির নুহুর্জটি আনন্দ ও গৌরবের বিষয়। রবীন্দ্রনাথ বিষয়ে কুশমৎকতার বৃত্ত থেকে বেরিয়ে রবীন্দ্রনাথকে যথার্থ নৃস্যা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরি। রেজওয়ানা চৌধুরী বন্যা বিদেশে অবস্থান করায় তাঁর পুরস্কারটি পরবর্তীতে একটি ঘরোয়া অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হবে জানিয়েছে কর্তৃপক্ষ।

রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৩-তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বাংলা একাডেমি গতকাল বুধবার একাডেমির রবীন্দ্রচত্বরে আলোচনা সভা, রবীন্দ্র-পুরস্কার প্রদান, আবৃত্তি ও সংগীতানুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক মাসুদুজ্জামান। আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক সৈয়দ

মনজুরুল ইসলাম এবং অধ্যাপক বেগম আকতার কামাল। সভাপতিত্ব করেন, বাংলা একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান। স্বাগত ভাষণ প্রদান করেন বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান।

অধ্যাপক আনিসুজ্জামান বলেন, মনজুরে মওলা বাইরে উপন্যাসসহ রবীন্দ্রসাহিত্যের নানা অংশে প্রেম ও রাজনীতি বিষয়ে যে নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায় তা রবীন্দ্রগবেষক ও রবীন্দ্রনাথের পাঠকের জন্য বিশেষভাবে অনুসন্ধানীয়।

নগর সংস্কৃতি

পরিচয় পাওয়া যায় তা রবীন্দ্রগবেষক ও রবীন্দ্রনাথের পাঠকের জন্য বিশেষভাবে অনুসন্ধানীয়।